

## **রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল**

বিভাগ/অধ্যায়ঃ ঈদ সংক্রান্ত আরো কিছু মাসায়েল রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## ঈদের চাঁদ

এ কথা পূর্বেই আলোচিত হয়েছে যে, মেঘ বা অন্য কোন কারণে চাঁদ যথাসময়ে না দেখা গেলে মাসের তারীখ ৩০ পূর্ণ করে নিতে হবে। অবশ্য ঈদের চাঁদ প্রমাণ করার জন্য ২ জন মুসলিমের সাক্ষ্য প্রয়োজন। যেহেতু মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, "তোমরা চাঁদ দেখে রোযা রাখ, চাঁদ দেখে রোযা ছাড়। যদি চাঁদ না দেখা যায়, তাহলে মাস ৩০ পূর্ণ করে নাও। কিন্তু যদি দুই জন মুসলিম সাক্ষ্য দেয়, তাহলে তোমরা রোযা রাখ ও রোযা ছাড়।"[1]

পক্ষান্তরে রোযার মাসের শুরু হওয়ার কথা প্রমাণ করার জন্য এ কথা প্রমাণিত যে, আল্লাহর রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) একজন লোকের সাক্ষি নিয়ে রোযা রেখেছেন।[2]

## ফুটনোট

- [1] (আহমাদ, মুসনাদ ৪/৩২১, নাসাঈ, দারাকুত্বনী, সুনান, সহীহ নাসাঈ, আলবানী ১৯৯৭, ইরওয়াউল গালীল, আলবানী ৯০৯নং)
- [2] (আবূ দাউদ ২৩৪২, দাঃ, দারাকুত্বনী, সুনান, বাইহাকী ৪/২১২, ইরওয়াউল গালীল, আলবানী ৯০৮নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4166

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন